

স্মারকনং- ৩৪.০১.০৯০০.০০০.৩৮.০০৪.১৯-৩২০

তারিখঃ ০৮/৬/২০২২খ্রিঃ

## ভর্তি বিজ্ঞপ্তি

যুব উন্নয়ন অধিদপ্তর, ভোলা জেলা কার্যালয়াধীন ২০২২-২০২৩ অর্থ বছরে (জুলাই-ডিসেম্বর/২০২২ সেশনে) নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে কর্মপ্রত্যাশী যুবক ও যুব নারীদের নিকট থেকে বর্ণিত নিয়মাবলী অনুসরণ পূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছে।

### কোর্স সমূহ নিম্নরূপ :-

ক্র নং	কোর্সের নাম	শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)	কোর্সের মেয়াদব	কোর্স ফি	আসন সংখ্যা	আবেদনের শেষ তারিখ	সাক্ষাৎকার গ্রহণের তারিখ	ভর্তির তারিখ	প্রশিক্ষণ শুরুর তারিখ
০১	কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এপ্লিকেশন (অনাবাসিক)	এইচ,এস সি/সমমান	৬ (ছয়) মাস	১০০০/=	৭০ জন	২৬/৬/২২	২৯/৬/২২	৩০/৬/২২	০৩/৭/২২
০২	পোষাক তৈরী (অনাবাসিক)	অষ্টম শ্রেণি	৩ (তিন) মাস	৫০/=	২৫ জন	২৬/৬/২২	২৮/৬/২২	৩০/৬/২২	০৩/৭/২২
০৩	ইলেকট্রনিক্স (অনাবাসিক)	অষ্টম শ্রেণি	৬ (ছয়) মাস	৩০০/=	৩০ জন	২৬/৬/২২	২৯/৬/২২	৩০/৬/২২	০৩/৭/২২
০৪	ইলেকট্রিক্যাল এন্ড হাউজ ওয়ারিং (অনাবাসিক)	অষ্টম শ্রেণি	৬ (ছয়) মাস	৩০০/=	৩০ জন	২৬/৬/২২	২৯/৬/২২	৩০/৬/২২	০৩/৭/২২

### আবেদনের নিয়ম ও শর্তাবলী :

ক। বর্ণিত কোর্সে/ট্রেডে ভর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স অবশ্যই ১৮ থেকে ৩৫ বৎসর এবং বেকার যুবক ও যুব নারী হতে হবে। তবে প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

খ। যুব সংগঠন কর্তৃক মনোনীত এবং যুবনারী প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।

গ। স্বহস্তে পূরনকৃত আবেদন ফর্ম (১) নাম(বাংলা ও ইংরেজী)(২)পিতার নাম (৩) মাতার নাম(বাংলা ও ইংরেজী)(৪) জন্ম তারিখ (৫) বিজ্ঞপ্তি প্রদানের তারিখে বয়স(৬) জাতীয় পরিচয়পত্র নম্বর অথবা জন্ম সনদ পত্র (০৭) বর্তমান ঠিকানা (৮) স্থায়ী ঠিকানা (৯) শিক্ষাগত যোগ্যতা (১০) ধর্ম (১১) জেভার/লিঙ্গ (১২) মোবাইল নম্বর (১৩) বিকল্প যোগাযোগ নম্বর (১৪) ইতঃপূর্বে গৃহীত প্রশিক্ষণ (যদি থাকে) (১৫) যুব সংগঠনের সদস্য/সদস্যা হলে সংগঠনের নাম এবং (১৬) ভবিষ্যত পরিকল্পনা /প্রশিক্ষণ গ্রহণের কারণ উল্লেখ করতে হবে।

ঘ। নির্ধারিত আবেদন ফর্ম যুব উন্নয়ন অধিদপ্তরের ([www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)) ওয়েব সাইটে পাওয়া যাবে অথবা উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, ভোলা হতে বিনা মূল্যে সংগ্রহ করা যাবে।

ঙ। আবেদন পত্রের সাথে (১) শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের ছায়ািলিপি (২) জাতীয় পরিচয় পত্র (যদি থাকে) বা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান / পৌর কমিশনার কর্তৃক জন্ম নিবন্ধন সনদপত্র, (৩) সাক্ষাৎকার ও মনোনয়নের কালে মূল সনদপত্রসহ সদ্য তোলা ০২কপি পাসপোর্ট সাইজের ছবি সংগে আনতে হবে।

চ। দলিত (সুইপার, ঋষি, ডোম) জন্য ৪% কোটা এবং প্রতিবন্ধী, অটিস্টিক ও হিজড়াদের জন্য ৫% কোটা সংরক্ষণসহ কোর্স ফি ব্যতীত ভর্তির সুযোগ রয়েছে।

ছ। সাক্ষাতের জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে নির্ধারিত সময়ে হাজির হতে হবে। এ জন্য কোন প্রকার টি.এ/ডি.এ,দেয়া হবে না।

জ। ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ঝ। ভর্তির সময় নির্বাচিত প্রার্থীগণকে মোবাইল নম্বর, facebook আইডি,Whats app no ও ই-মেইল আইডি আবশ্যিক ভাবে দিতে হবে।

ঞ। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সন্তানদের ক্ষেত্রে কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলের চেয়ারম্যান কর্তৃক সনদ পত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে।

ট। প্রশিক্ষণ কালীন সরকার নির্দেশিত স্বাস্থ্যবিধি পরিপূর্ণভাবে পালন করতে হবে এবং অবশ্যই মাস্ক পরিধান করতে হবে।

ঠ। ক্রমিক নং ০২, ৩ ও ৪ এর উপস্থিতির ভিত্তিতে দৈনিক ১০০(একশত) টাকা যাতায়াত ভাতা প্রদান করা হইবে। (বাজেট প্রাপ্তি সাপেক্ষে)

প্রয়োজনেঃ কম্পিউটার- ০১৭১০১৮০০২৯, পোষাক তৈরি-০১৭৬৬৯৬৪৭২৯ ইলেকট্রনিক্স- ০১৭১১২৪৩৭৪৩, ইলেকট্রিক্যাল এন্ড হাউজওয়্যারিং- ০১৭১২৩৪৫০১৪,



০৮/৬/২০২২

(মোঃ আবেদ শাহ্)

উপপরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর

ভোলা।

ফোন-০২৪৭৮৮৯৪১৯৭

e-mail:ddbholad@dyd.gov.bd

স্মারকনং- ৩৪.০১.০৯০০.০০০.৩৮.০০৪.১৯-৩২০

তারিখঃ ০৮/৬/২০২২খ্রিঃ

সদয় অবগতি ও নোটিশ বোর্ডে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। পরিচালক(প্রশিক্ষণ), যুগ্মসচিব, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, ভোলা।
- ৩। পুলিশ সুপার, ভোলা।
- ৪। জেলা মৎস্য কর্মকর্তা/জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা / উপপরিচালক, সমাজসেবা/ উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর/জেলা শিক্ষা অফিসার/জেলা তথ্য অফিসার, ভোলা।
- ৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল) . . . . . ভোলা।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল). . . . . ভোলা।
- ৭। সহকারী কমিশনার ভূমি (সকল)/উপজেলা মৎস্য কর্মকর্তা/ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/ উপজেলা সমাজ সেবা অফিসার/ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, (সকল) ভোলা।
- ৮। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (সকল) . . . . . ভোলা।
- ৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ১০। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব, ভোলা।
- ১১। . . . . . ভোলা।
- ১২। অফিস কপি/নোটিশ বোর্ড



(মোঃ আবেদ শাহ্)

উপপরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর, ভোলা।

ফোন: ০২৪৭৮৮৯৪১৯৭